

তারিখ - 23 JUL 1976
পৃষ্ঠা 6

কিষ্কিন্দ

আজকের কাগজ

17

এসএসসি সেট কোড ভুল

ঢাকা বোর্ড সচিবের কাছে ক্ষতিগ্রস্ত ছাত্রছাত্রীদের দাবিনামা পেশ

কাগজ প্রতিবেদক : ৯৬ সালে অনুষ্ঠিত এসএসসি পরীক্ষার সেট কোড জটিলতার কারণে ক্ষতিগ্রস্ত ছাত্রছাত্রী সম্মিলিত ছাত্র সংগ্রাম কমিটির আহবানে জাতীয় প্রেসক্লাবের সামনে গতকাল সকাল ১১টায় একটি ছাত্র সমাবেশ অনুষ্ঠিত হয়। উক্ত সমাবেশে সম্মিলিত ছাত্র সংগ্রাম কমিটির পক্ষ থেকে ফল বিপর্যয়ের শিকার বিভিন্ন স্কুলের ছাত্রছাত্রীদের পরীক্ষার ফল পুনর্বিবেচনা করে অবিলম্বে ফল প্রকাশের জন্যে বাংলাদেশ সরকারের প্রধানমন্ত্রী, শিক্ষামন্ত্রী ও বোর্ড কর্তৃপক্ষের কাছে আকুল আবেদন করেন এবং তাদের দাবির সমর্থনে প্রেসক্লাবের সামনে ২ ঘণ্টা অবস্থান ধর্মঘট করেন। উক্ত বিক্ষোভ সমাবেশে সম্মিলিত ছাত্র সংগ্রাম কমিটির আহবায়ক মোঃ সানাউল ইমরানসহ টিটু শরীফ, হোমায়েরা প্রমুখ বক্তব্য রাখেন। অবস্থান ধর্মঘট শেষে একটি বিক্ষোভ মিছিল জাতীয় প্রেসক্লাব থেকে বোর্ড

অফিসে গিয়ে বোর্ডের চেয়ারম্যান এবং কন্ট্রোলারের অনুপস্থিতিতে ঢাকা শিক্ষা বোর্ডের সচিবের কাছে ছাত্র সংগ্রাম কমিটি ও অভিভাবকদের পক্ষ থেকে দাবি পেশ করেন। সচিব ছাত্রছাত্রীদের শাস্ত থাকার আহবান করেন এবং উক্ত মহলে পেশ করার আশ্বাস প্রদান করেন। ছাত্র সংগ্রাম কমিটির পক্ষ থেকে ঘোষণা করা হয় সেট কোডের বিপর্যয়ের শিকার মেধাবী ছাত্রছাত্রীর পরীক্ষার ফল প্রকাশের ঘোষণা আগামী ৪৮ ঘণ্টার মধ্যে প্রদান না করা হলে কোমলমতি বিক্ষুব্ধ ছাত্রছাত্রীরা আমরণ অনশন ধর্মঘটসহ বৃহত্তর আন্দোলনের কর্মসূচি গ্রহণ করতে বাধ্য হবে। ছাত্র সংগ্রাম কমিটির পক্ষ থেকে আজ সকাল সাড়ে ১০টায় জাতীয় প্রেসক্লাবে অনুষ্ঠিত ব্যাংকিং সংবাদ সম্মেলনে সকল ছাত্রছাত্রীকে উপস্থিত থাকার জন্যে এবং বিক্ষোভ মিছিলে অংশ নেয়ার জন্যে আহবান জানানো হয়।